

2015

ELECTIVE BENGALI

Paper : 6·2

Full Marks : 80

Time : 3 hours

*The figures in the margin indicate full marks
for the questions*

অসমের বাংলা সাহিত্য অথবা প্রতিবেশী সাহিত্য যে কোনো একটি থেকে
উত্তর করতে হবে।

(অসমের বাংলা সাহিত্য)

১। অতি সংক্ষেপে উত্তর দাও :

১×১০=১০

(ক) গুণধরের পিতার নাম কী ছিল ?

(খ) গুণধর ক্লাস টেনের শেষ দিনের পরীক্ষাটি কেন দেয়নি ?

(গ) “এরকম বোকা-হাঁদাকে পৃথিবীতে রেখে মরেই বা সুখ
কোথায় ?” এখানে কার কথা বলা হয়েছে ?

(ঘ) পবিত্রের কত টাকার দরকার ছিল ?

(ঙ) “এতটুকু ছাতা অন্তবড়ো আকাশটাকে কীরকম ঢেকে
ফেলে।” কার উক্তি ?

(চ) লেখক সুজিৎ চৌধুরীর মূল বাড়ি কোথায় ছিল ?

(ছ) কার হাত ধরে সুজিৎ চৌধুরীর অক্ষর জ্ঞান হয় ?

(জ) সুজিৎ চৌধুরীর বাবা নিয়মিত কোন্ পত্রিকাটি আনতেন ?

(ঝ) সুজিৎ চৌধুরীর মায়ের পোশাকি নাম কী ছিল ?

(ঞ) পাইলগাঁও গ্রামের স্কুলটির নাম কী ?

২। সংক্ষিপ্ত উত্তর দাও :

২×৫=১০

(ক) উজ্জ্বল বি. এ.-তে কত পারসেন্ট মার্কস পেয়েছিল ?
পরীক্ষা পাসের উপহার হিসেবে বাবা তাকে কী
দিয়েছিলেন ?

(খ) গুণধরের বাবার কার জন্য কষ্ট হয় এবং কেন ?

(গ) উজ্জ্বল রায় কোথায় চাকরি করত এবং তার
designation কী ছিল ?

(ঘ) সিলেটের মুরারিচাঁদ কলেজের ছাত্র রাজনীতিতে যাঁরা
নেতৃস্থানীয় ছিলেন তাঁদের মধ্যে দুজনের নাম করো ।

(ঙ) দিগিন্দ্র আচার্যমশাই কোন্ কোন্ সালে জেল
খেটেছিলেন ?

৩। যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও :

৫×৪=২০

(ক) গুণধরের মায়ের কান্নার কারণটি কী ছিল, সংক্ষেপে
লেখো ।

(খ) “এমনিতিরো শঠতা বঞ্চনায় বঞ্চিতের দুঃখে গুণধর
নামক পাগলটার চোখে জল আসে । এই তার অসুখ ।”
‘গুণধরের অসুখ’ নাটকটিতে গুণধর কি সত্যিই পাগল—
সংক্ষেপে আলোচনা করো ।

- (গ) 'গুণধরের অসুখ' নাটকে বর্ণিত পরীক্ষা হলের দৃশ্যটির রসোৎকর্ষ বিচার করো।
- (ঘ) বর্ষায় প্রায় ছ'সাত মাস সুনামগঞ্জের জীবনযাত্রা কীসের উপর নির্ভর ছিল এবং কেন, বর্ণনা করো।
- (ঙ) সুজিৎ চৌধুরীর মাসিমার কর্মদক্ষতার পরিচয় সংক্ষেপে দাও।
- (চ) ভারতের স্বাধীনতা আন্দোলনে বিধুভূষণ চৌধুরীর যোগদান সম্বন্ধে সংক্ষেপে লেখো।

৪। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :

১০×২=২০

- (ক) “পবিত্রটা চিরকালের ইমপ্র্যাকটিকাল। সেইজন্য জীবনে কিছু করতে পারল না।” ‘গুণধরের অসুখ’ নাটকটিতে পবিত্র চরিত্রটি কি সত্যিই ইমপ্র্যাকটিকাল বা জীবনযুদ্ধে হেরে যাওয়া একটি ব্যক্তিত্ব? নিজের ভাষায় বর্ণনা করো।
- (খ) ‘গুণধরের অসুখ’ নাট্যগ্রন্থটির মুখবন্ধে সমালোচক অরুণ কুমার বসু মন্তব্য করেছেন, “‘পাগল হইয়া বন্ধু পাগল বানাইলে, পাগল’ তাই এই নাটকের থিম সং। লোকবিশ্বাসের ওপর লোকগীতির স্ট্যাম্প। সমাজই অ্যাবনর্মালের জনক।” সমালোচকের এই মন্তব্যের ভিতর দিয়ে আমাদের সমাজব্যবস্থা বা প্রথা-পরম্পরার যে রূপটি ফুটে উঠেছে তা নিজের ভাষায় ব্যক্ত করো।
- (গ) ‘গুণধরের অসুখ’ নাটকটির নামকরণের সার্থকতা বিচার করো।

৫। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :

১০×২=২০

- (ক) 'হারানো দিন হারানো মানুষ' গ্রন্থে বর্ণিত সুজিৎ চৌধুরীর দিদিমণির চরিত্রটি অঙ্কন করো।
- (খ) সুজিৎ চৌধুরীর গ্রামে যেসকল পত্র-পত্রিকার আগমন হত, তার একটি সংক্ষিপ্ত পরিচয় লিপিবদ্ধ করো।
- (গ) 'হারানো দিন হারানো মানুষ' গ্রন্থে অবলম্বনে সুজিৎ চৌধুরীর প্রতিবেশীদের পরিচয় দাও।
- (ঘ) পাইলগাঁও গ্রামে অবস্থিত স্কুলটি ও তার পারিপার্শ্বিকতার সংক্ষিপ্ত বর্ণনা দাও।

(প্রতিবেশী সাহিত্য)

১। অতি সংক্ষেপে উত্তর দাও :

১×১০=১০

- (ক) 'কারেঙর লিগিরী' নাটকে মন্ত্রীপুত্রের নাম কী ?
- (খ) বুঢ়াগোহাঁয়নী কে ?
- (গ) 'কারেঙর লিগিরী' কী ধরনের নাটক ?
- (ঘ) 'কারেঙর লিগিরী' নাটকটি লেখাকালীন নাট্যকার কোথায় ছিলেন ?
- (ঙ) সেউজী কে ?
- (চ) 'কারেঙর লিগিরী' নাটকটি কার রচিত ?
- (ছ) মঙ্গরাজ কত বৎসর বয়সে অনাথ হয়ে ঘুরে বেড়াতেন ?
- (জ) "ইহারা বারোমেসে, জাতিতে বাউরি"—'বাউরি' মানে কী ?
- (ঝ) গোবিন্দপুর গ্রামের অধিষ্ঠাত্রী দেবী ঠাকুরাণীর নাম কী ?
- (ঞ) শেখ কেরামত আলিকে সকলে কী নামে ডাকে ?

২। সংক্ষেপে উত্তর দাও :

২×৫=১০

- (ক) শাসনের ঠিক মাঝখানে কোন্ পণ্ডিতের ঘর ? তাঁর ঠাকুরদার নাম কী ?
- (খ) শেখ কেরামত আলির বাড়ি প্রথমে কোথায় ছিল এবং পরে কোথায় হয় ?
- (গ) কর্তাবাবুর কথায় শ্যামের দুই কেয়ারি ক্ষেত যারা অর্ধেক সাফ করে ফেলেছিল, তাদের নাম লেখো ।

(ঘ) শেফালি (শেবালি) এবং রেবতী কে ছিল ?

(ঙ) “তেন্তে আপুনি সুন্দরেরে সৈতে মোর বিয়া ভাঙিবলৈ কিয় চেষ্টা করিছে?” কে, কাকে বলেছে ?

৩। যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও :

৫×৪=২০

(ক) ব্রাহ্মণ পাড়ার সংক্ষিপ্ত বিবরণ দাও ।

(খ) ‘উনিশ বিঘা দুই কাঠা’ উপন্যাসের ‘মন্ত্রণা’ অংশে মঙ্গরাজ ও চম্পার মধ্যে যে গোপন পরামর্শ হয়েছিল তার সংক্ষিপ্ত বিবরণ দাও ।

(গ) উকিল রামরাম লালার সংক্ষিপ্ত পরিচয় দাও ।

(ঘ) বিবাহ সম্বন্ধে সুন্দরের মন্তব্য পরিস্ফুট করো ।

(ঙ) “আইর সন্তষ্টি হওক, প্রজার সন্তষ্টি হওক ।”

উক্তিটির অন্তর্নিহিত তাৎপর্য ব্যাখ্যা করো ।

(চ) “যি অগ্নিরে ধেমালি পাতি আনর ঘর ভস্মীভূত করিলা, সেই অগ্নিয়েই উভতি তোমার ঘর ছারখার করিব ।” ব্যাখ্যা করো ।

৪। (ক) রামচন্দ্র মঙ্গরাজের চরিত্রটি অঙ্কন করো ।

১০

অথবা

(খ) অসুর দিঘির বর্ণনা দাও ।

৫। (ক) বাঘসিংহ বংশের পরিচয় দাও ।

১০

অথবা

(খ) কত্রীঠাকরুণের মৃত্যুশয্যার দৃশ্যটি পরিস্ফুট করো ।

৬। (ক) 'কারেঙর লিগিরী' নাটকের নামকরণের সার্থকতা বিচার
করো। ১০

অথবা

(খ) সুদর্শন চরিত্রটি বিশ্লেষণ করো।

৭। (ক) 'কারেঙর লিগিরী' নাটকের সুন্দর চরিত্রটি আলোচনা
করো। ১০

অথবা

(খ) “‘কারেঙর লিগিরী’ নাটকের গানগুলোতে চরিত্র,
পরিবেশ ও পরিস্থিতির এক-একটি ছবি ফুটে উঠতে দেখা
যায়।” নাটকে সন্নিবিষ্ট গানগুলো বিশ্লেষণ করে
মন্তব্যটির সার্থকতা প্রতিপন্ন করো।

★ ★ ★